

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ১৮, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

প্রশাসন-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৯ ভাদ্র ১৪১৮ বঙ্গাব্দ/১৩ সেপ্টেম্বর ২০১১ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৮৬-আইন/২০১১।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, “জেলা এবং উপজেলা অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগবিধি, ১৯৮৬” এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

১। পূর্ণ শিরোনাম এ উল্লিখিত “জেলা এবং উপজেলা অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগবিধি, ১৯৮৬” শব্দগুলি ও সংখ্যা বিলুপ্ত হইবে।

২। বিধি ১ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা “জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৬ নামে অভিহিত হইবে।”।

(১৩৭৭৩)

মূল্য : টাকা ২.০০



৩। তফসিল এর—

(ক) ক্রমিক নম্বর ৬ এবং উহার বিপরীতে কলাম- ২, ৩, ৪ ও ৫ এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

ক্রমিক নং	নির্দিষ্ট পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	যোগ্যতা
১	২	৩	৪	৫
৬।	উচ্চমান সহকারী	—	পদোন্নতির মাধ্যমে	পদোন্নতির ক্ষেত্রেঃ (ক) এইচ,এস,সি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) অফিস সহকারী/রেকর্ড ক্লার্ক/লাইব্রেরী সহকারী/একাউন্টেন্ট ক্লার্ক/কপিষ্ট/সার্টিফিকেট সহকারী পদে অনূন ৩(তিন) বৎসরের চাকরি।”।

(খ) ক্রমিক নম্বর ১০ এবং উহার বিপরীতে কলাম-২, ৩, ৪ ও ৫ এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

ক্রমিক নং	নির্দিষ্ট পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	যোগ্যতা
১	২	৩	৪	৫
১০।	অফিস সহকারী/ রেকর্ডক্লার্ক/ লাইব্রেরী সহকারী/ একাউন্টেন্ট ক্লার্ক/কপিষ্ট	৩০ বৎসর	(ক) ২০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; (খ) ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রেঃ (ক) এস,এস,সি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) ডুপ্লিকেটিং মেশিন অপারেটর হিসাবে পাঁচ বৎসরের, প্রসেস সার্ভার ও দপ্তরী হিসাবে আট বৎসরের এবং এম,এল,এস,এস/ নাইট গার্ড/ফরাশ/ মালী/সুইপার হিসাবে দশ বৎসরের চাকরি। সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ এইচ,এস,সি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।”।

(গ) ক্রমিক নম্বর ১০ এর পর নিম্নরূপ ক্রমিক নম্বর ১০ক সংযোজিত হইবে, যথা ঃ—

ক্রমিক নং	নির্দিষ্ট পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	যোগ্যতা
১	২	৩	৪	৫
"১০ক।	সার্টিফিকেট সহকারী	৩০ বৎসর	(ক) ২০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; (খ) ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে ঃ (ক) এস,এস,সি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) ডুপ্লিকেটিং মেশিন অপারেটর হিসাবে পাঁচ বৎসরের, প্রসেস সার্ভার ও দস্তুরী হিসাবে আট বৎসরের এবং এম,এল,এস,এস/নাইট গার্ড/ফরাশ/ মালী/সুইপার হিসাবে দশ বৎসরের চাকুরি। সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ এইচ,এস,সি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ইকবাল মাহমুদ
সচিব।



মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd